# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
## রাজস্ব শাখা
www.khulna.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের, মাঠপ্রশাসন-০১ অধিশাখার ২৫ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১৫৬.১২-৪৭১ নং স্মারক এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার ২৭-১০-২০২১ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০১২.৩৬.০৮৮.২১-২১৮ নম্বর স্মারকের প্রেক্ষিতে খুলনা জেলার রাজস্ব প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে খুলনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সার্টিফিকেট পেশকার | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) | (ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। (গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ থাকতে হবে। |
| ০২ | সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | ০৬ (ছয়) | (ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। (গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ থাকতে হবে। |
| ০৩ | নাজির কাম ক্যাশিয়ার | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | ০৫ (পাঁচ) | (ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। (গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ থাকতে হবে। |
| ০৪ | ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | ১৪ (চৌদ্দ) | (ক) স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। (গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ থাকতে হবে। |

**শর্তাবলী**

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খুলনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীকে নির্ধারিত ফরমে স্বহস্তে আবেদন করতে হবে। স্বহস্ত ব্যতীত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৩। সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরমে সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ০১-১১-২০২১ খ্রি. তারিখ হতে ২১-১১-২০২১ খ্রি. তারিখ মধ্যে অফিস চলাকালীন হার্ডকপি জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় ডাকযোগে পৌছাতে হবে । সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসকের কার্যালয়, খুলনার ওয়েবসাইট www.khulna.gov.bd ও www.forms.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫। প্রার্থীর বয়সসীমা ০১-১১-২০২১ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ বছর পূর্ণ হতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯-৮-২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৩ নম্বর পরিপত্রের নির্দেশনা মোতাবেক বিগত ২৫-০৩-২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ ৩০ বছর পূর্ণ হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপিসহ কম্পিউটার টাইপিং সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র।

ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃত চাকরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনি দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদপত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

চ) ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১-০৭৪২-০০০১-২০৩১ নং কোডে ১০০/- (একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি (১ম) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ছ) পদের নাম, জেলার নাম ও প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকেট লাগানো ০১ (এক)টি ১০ ইঞ্চি×৪.৫ ইঞ্চি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদসহ কম্পিউটার ও শর্টহ্যান্ড এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন বা দাখিল করতে হবে।

১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদন গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

মো: মনিরুজ্জামান তালুকদার
জেলা প্রশাসক
খুলনা
ফোন ০২-৪৭৭৭২১১১১ (অফিস)
e-mail : dckhulna@mopa.gov.bd

পিসি-১৩৭৩/২১ (১৪×৪)